



শিবির নেতা হত্যায় অভিযুক্ত যুবদল নেতা মুকুল বহিষ্কার



যুবদল নেতা মুকুল। ছবি: সংগৃহীত

গাইবান্ধার সাঘাটা উপজেলার বোনারপাড়া ইউনিয়ন শিবির সভাপতি সাইফুল্লাহ হত্যাকাণ্ডের ঘটনায় আলোচিত যুবদল নেতা মুকুলকে সংগঠন থেকে বহিষ্কার করা হয়েছে। দলীয় শৃঙ্খলাভঙ্গ ও হত্যাকাণ্ডে সম্পৃক্ততার অভিযোগে তার বিরুদ্ধে এ সাংগঠনিক ব্যবস্থা নেয় জেলা যুবদল।

জেলা যুবদলের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, বোনারপাড়া ইউনিয়ন যুবদলের আহ্বায়ক মুকুলের বিরুদ্ধে হত্যাকাণ্ডে জড়িত থাকার অভিযোগ ওঠার পর বিষয়টি গুরুত্বের সঙ্গে পর্যালোচনা করা হয়। আইনশৃঙ্খলা বাহিনীর তদন্ত কার্যক্রম ও বিভিন্ন তথ্য-উপাত্ত বিবেচনায় নিয়ে কেন্দ্রীয় নির্দেশনায় তাকে আহ্বায়ক পদসহ দলের প্রাথমিক সদস্যপদ থেকে বহিষ্কার করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, যুবদল কোনো ধরনের অপরাধমূলক কর্মকাণ্ড, সহিংসতা কিংবা আইনবহির্ভূত কার্যকলাপকে সমর্থন করে না। সংগঠনের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়—এমন কর্মকাণ্ডের বিরুদ্ধে কঠোর অবস্থান নেওয়া হবে বলেও উল্লেখ করা হয়।

উল্লেখ্য, রোববার (২১ জুন) বোনারপাড়ায় সংঘটিত এক সংঘর্ষে ইউনিয়ন শিবির সভাপতি সাইফুল্লাহ নিহত হন। ঘটনাটি এলাকায় ব্যাপক আলোড়ন সৃষ্টি করেছে। হত্যাকাণ্ডের ঘটনায় তদন্ত চলছে এবং সংশ্লিষ্ট বিষয়গুলো খতিয়ে দেখছে আইনশৃঙ্খলা বাহিনী।